**যায়যায়দিন**

তারিখ 9 MAY 2010
পৃষ্ঠা ৩ কলাম

# শিক্ষকদের পৃথক বেতন কমিশন আসছে

যাযাদি রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার গুণগত মান ও শিক্ষকদের মর্যাদা বৃদ্ধির লক্ষ্যে কাজ করছে সরকার। ইতিমধ্যে সরকারি মাধ্যমিক স্কুল শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা দেয়া হয়েছে। শিক্ষকদের জন্য পৃথক বেতন কমিশন গঠনের উদ্যোগ নিয়েছে সরকার।

শনিবার রাজধানীর গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল চত্বরে বাংলাদেশ সরকারি মাধ্যমিক বিদ্যালয় শিক্ষক সমিতির জাতীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সমিতির সভাপতি মো. শামসুল হকের সভাপতিত্বে সম্মেলনে আরো বক্তব্য রাখেন প্রধানমন্ত্রীর একান্ত সচিব নজরুল ইসলাম খান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক নোমান উর রশীদ, পরিচালক (মাধ্যমিক) অধ্যাপক জাকির হোসেন, সমিতির সাধারণ সম্পাদক মো. ইনছান আলী প্রমুখ।

শিক্ষামন্ত্রী নাহিদ বলেন, এক হাজারের অধিক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে নতুন এমপিওভুক্ত করা হয়েছে। প্রাথমিক ও মাধ্যমিক স্তরের সব শিক্ষার্থীদের জন্য বছরের শুরুতে বই পৌঁছে দেয়া হয়েছে। তিনি শিক্ষকদের শিক্ষার নিয়ামক শক্তি হিসেবে উল্লেখ করে বলেন, ক্রমান্বয়ে শিক্ষকতা পেশায় অধিক মেধাবীদের আকৃষ্ট করা